



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩১.০০১.২০.৭৯২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮

০১ আগস্ট ২০২১

বিষয়: প্রয়োজনীয় প্রতিরোধ ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে আকস্মিক বন্যা হতে সরকারি গুদামে মজুত খাদ্যশস্যের নিরাপত্তা নিশ্চিতকরণ


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্ষা মৌসুমে প্রবল বৃষ্টিপাত, পাহাড়ী ঢল, উজানের পানি, জলোচ্ছাস ইত্যাদি কারণে পানি বৃদ্ধির ফলে পার্বত্য জেলার কিছু খাদ্যগুদাম, উত্তরাঞ্চলের কিছু জেলাসহ দেশের নিম্নাঞ্চলের জেলাসমূহে প্রায় প্রতিবছর হঠাৎ বন্যা দেখা দিয়ে থাকে। বন্যার পানিতে সরকারি গুদামে খাদ্যশস্যের যাতে ক্ষয়ক্ষতি না হয় সে লক্ষ্যে দেশের নিম্নাঞ্চলের জেলাসমূহের খাদ্যগুদামসমূহের মজুত খাদ্যশস্যের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলোঃ

- (১) কোন জায়গায় বন্যা দেখা দেওয়া মাত্র গুদামে মজুত খাদ্যশস্য যথাযথভাবে সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (২) গুদামে মজুত খাদ্যশস্যের পাশাপাশি সরকারি সম্পদ, স্থাপনা, রেকর্ডপত্র ইত্যাদি কোনক্রমেই বন্যার পানিতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৩) বন্যার পানি যাতে কোন গুদামে প্রবেশ করতে না পারে সে বিষয়ে পূর্বেই যথোপযুক্ত প্রস্তুতি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে; প্রয়োজনে গুদামের প্রবেশপথে পানিরোধক দেওয়াল(Baffle Wall) তৈরি করে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে বন্যাদুর্গত এলাকায় উপস্থিত থেকে বন্যা পরিস্থিতি সম্পর্কে সজাগ থাকতে হবে;
- (৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণকে বন্যাপ্রবণ ভালনারেবল এলএসডিসমূহ চিহ্নিত করে পরিস্থিতি নিয়মিত মনিটরিং এবং স্ব স্ব দপ্তরে কন্ট্রোল রুম গঠনপূর্বক খাদ্য অধিদপ্তরকে সার্বিক পরিস্থিতি অবহিত করতে হবে;
- (৬) বন্যা সংক্রান্ত ব্যাপারে পত্র-পত্রিকা, রেডিও এবং টেলিভিশনে প্রচারিত হালনাগাদ সতর্কতা সংক্রান্ত সংবাদের ওপর গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তৎপর থাকতে হবে;
- (৭) দুর্যোগ সতর্কতা ঘোষিত উপজেলা ও জেলায় অবস্থিত খাদ্য বিভাগীয় স্থাপনাসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকতে হবে;

(৮) দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত সরকারের স্থায়ী নির্দেশনাবলি এবং স্থানীয় দুর্যোগ ব্যবস্থা কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুসরণে দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে;

(৯) নদীর নিকটস্থ সম্ভাব্য বন্যাক্রান্ত ভালনারেবল গুদামে ন্যূনতম প্রয়োজনীয় খাদ্যশস্য মজুত রেখে খাদ্য অধিদপ্তরকে অবহিত রেখে চলাচল নীতিমালা অনুসরণ করে অতিরিক্ত খাদ্যশস্য অন্যত্র নিরাপদ স্থানে স্থানান্তর করতে হবে।

(১০) জেলার সম্ভাব্য বন্যা/ দুর্যোগ সংক্রান্ত তথ্যাদি পূর্ব-অবহিত হওয়া এবং দুর্যোগ পরিস্থিতি হতে সরকারি গুদামের মজুত খাদ্যশস্য নিরাপত্তাকল্পে বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, পানি উন্নয়ন বোর্ড ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাদের সহযোগিতা গ্রহণের জন্য খাদ্য বিভাগের কর্মকর্তাগণকে তৎপর থাকতে হবে।



২-৮-২০২১

শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক (গ্রেড-১)

প্রাপক:

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ
সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩১.০০১.২০.৭৯২/১(৪)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮
০১ আগস্ট ২০২১

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)



২-৮-২০২১

রেজা মোহাম্মদ মহসিন
অতিরিক্ত পরিচালক (চলাচল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়


বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.০৬৮.১৮.১৭৭৬

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৮

০৩ আগস্ট ২০২১

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



৩-৮-২০২১

মো: জাহাঙ্গীর আলম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ইমেইল: rcf.bsl@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক,
বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা এবং
ব্যবস্থাপক, বরিশাল সিএসডি, বরিশাল।